গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**বিষয় : মে মাসে অনুষ্ঠিতব্য ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিল , ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : ওমর মোঃ ইমরুল মহসিন<br>মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | : ২২/০৫/২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : অনলাইন প্লাটফর্ম |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য জনাব মোঃ কোরবান আলী, গ্রন্থাগারিক-কে আহবান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী এপ্রিল, ২০২৫ মাসের প্রধান কার্যালয়, NOSHTRI এবং ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কার্যক্রম বিষয়ে পূর্ববর্তী সভার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২। ২৪/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত মার্চ, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহে কোনো সংশোধন বা সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | APA বাস্তবায়ন সংক্রান্ত | ক) এপিএ-এর লক্ষ্যমাত্রা এপ্রিল, ২০২৫ পর্যন্ত ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে এবং এ বিষয়ক প্রমাণক নির্দিষ্ট সময়ের পূর্বে সফটওয়্যারে আপলোড করা হয়েছে।<br><br>খ) বিদ্যমান পরিদর্শন চেকলিস্ট হালনাগাদ ও নম্বরের ভিত্তিতে গ্রেডিং এবং চেকলিস্টসমূহ হালনাগাদ করে LIMA-তে configure করার জন্য কর্মশালার প্রয়োজনীয় তথ্যাদি লিমা টিমকে সরবরাহ | ক) সংশ্লিষ্ট সকল কার্যালয়কে এপিএ-এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে ধারাবাহিকতা নিশ্চিত করতে হবে এবং এ বিষয়ক প্রমাণক নির্দিষ্ট সময়ের পূর্বে সফটওয়্যারে আপলোড করতে হবে।<br><br>খ) বিদ্যমান পরিদর্শন চেকলিস্ট হালনাগাদ ও নম্বরের ভিত্তিতে গ্রেডিং এবং চেকলিস্টসমূহ খসড়া করা হয়েছে। খসড়ার কপি | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৩। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>৪। লিমা সাপোর্ট টিমের সদস্যগণ |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | করা হয়েছে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত লিমা টিমকে বলা হলো। | উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করতে হবে পরবর্তী ০৭ কর্মদিবসের মধ্যে। | |
| ২। | SDG বিষয়ক কার্যক্রম | উপমহাপরিদর্শকের কার্যালয়গুলো উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করছে এবং দুর্ঘটনা প্রতিরোধে লিফলেট বিতরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে মর্মে সভায় সকলে অবগত করেন। | শিশুশ্রম নিরসন বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা যেসব কার্যালয় এখনও করেন নাই তাদেরকে সভার আয়োজন করে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে এবং কার্যবিবরণী প্রেরণ করতে হবে। ২০২৫ সালে সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>১। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ৩। | সিটিজেন চার্টার বিষয়ক কার্যক্রম | মন্ত্রিপরিষদ বিভাগের ফরম্যাট অনুযায়ী সকল উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে প্রতি কোয়ার্টারে সিটিজেন চার্টার মন্ত্রিপরিষদ-এর সেবা বক্সের আদলে অভিন্ন আইকন ব্যবহার করে সকল কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদ ও আপডেট করার জন্য বলা হয়। এছাড়ও বর্তমানের সিটিজেন চার্টারে যে সেবাটি অর্ন্তভুক্ত নেই সেটি যোগ করে সিটিজেন চার্টারকে হালনাগাদ করার জন্য বলেন।<br><br>২। NOSHTRI এর সিটিজেন চার্টার অনুমোদনের জন্য গত ১৩-১১-২০২৪ তারিখে ৪০.০১.০০০০.২০৩.৯৯.০০১.২৪ নং স্মারকে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে একটি সভা আয়োজন করে চূড়ান্ত করার ব্যবস্থা করা যেতে পারে। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের ফরম্যাট অনুযায়ী সিটিজেন চার্টারে যে ১টি সেবা অর্ন্তভুক্ত করা নাই সেটি অর্ন্তভুক্ত করতে হবে। এজন্য একটি কমিটি গঠন করে সিটিজের চার্টার অনুমোদন ও হালানাগাদ করার ব্যবস্থা করবেন। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে প্রতি কোয়ার্টারে সিটিজেন চার্টার মন্ত্রিপরিষদ-এর সেবা বক্সের আদলে অভিন্ন আইকন ব্যবহার করে সিটিজেন চার্টার হালনাগাদ ও আপডেট করতে হবে।<br><br>২। NOSHTRI এর সিটিজেন চার্টার অনুমোদনের জন্য জুন মাসের মধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখা এবং স্টেকহোল্ডাদের সাথে সমন্বয় করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (NOSHTRI)<br>২। জনাব ফোরকান আহসান তথ্য ও গণসংযোগ কর্মকর্তা |
| ৪। | অভিযোগ নিষ্পত্তি বিষয়ক কার্যক্রম | ক) জুলাই-মার্চ/২০২৫ পর্যন্ত অভিযোগ (ম্যানুয়েল+অনলাইনে) নিষ্পত্তি হার ৮৭.৭৩%; যাহা সন্তোষজনক মর্মে সভায় উপস্থাপিত হয়। | ক) অভিযোগ নিষ্পত্তির হার সকল উপমহাপরিদর্শককে ১০০% অর্জনের নির্দেশ প্রদান করেন। অভিযোগ নিষ্পত্তির | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | ক্ষেত্রে আরো বেশি তৎপর এবং ফলপ্রসূ ভূমিকা পালন করার জন্য বলেন।<br><br>২। অভিযোগ কোন পর্যায়ে গেলে তা নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য হবে তা নিরূপণের জন্য মহাপরিদর্শক মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সাধারণ অধিশাখার যুগ্মমহাপরিদর্শক-কে আহবায়ক করে যে কমিটি গঠিত হয়েছে সেটি দ্রুত অভিযোগের বিষয়টি নিষ্পত্তি করবেন। | (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| | | খ) অভিযোগ নিষ্পত্তির নতুন ফরম্যাট লিমাতে আপলোড করা হয়েছে। অভিযোগ নিষ্পত্তির বিবরণী বিশদভাবে ব্যাখ্যাসহ প্রমাণক আকারে লিমায় সংযুক্ত করার জন্য গত ০১ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখে ৪০.০১.০০০০.০০০.৯৯.০৭৭.২৩.২২৮ নম্বর স্মারকে ৩১ উপমহাপরিদর্শকের কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | খ) অভিযোগ নিষ্পত্তির নতুন ফরম্যাট লিমাতে আপলোড এবং অভিযোগ নিষ্পত্তির বিবরণী বিশদভাবে ব্যাখ্যাসহ প্রমাণক আকারে লিমায় নির্ধারিত ফরম্যাটে পূরণ করতে হবে। | |
| ৫। | LIMA সংক্রান্ত কার্যক্রম | ক) নতুন লাইসেন্স, লাইসেন্স নবায়ন ও পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম শতভাগ লিমার মাধ্যমে সম্পন্ন করার জন্য ২টি পত্র ৩১ উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>▪ এপ্রিল, ২০২৫ খ্রি: মাসের লিমা বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপন করা হলো।<br>লাইসেন্স নবায়ন, পরিদর্শন ১০০% লিমাতে করা হয়। এছাড়াও ক্যাপ বাস্তবায়নের হার বাড়ানোর জন্য আরো বেশি তৎপর এবং আগ্রহী হওয়ার জন্য বলেন। | ক) LIMA এর মাধ্যমে সকল লাইসেন্স, নবায়ন এবং CAP প্রদান করতে হবে। যে সকল কার্যালয় পিছিয়ে আছে তাদের আরো তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। লাইসেন্সে নবায়নে আরো সিরিয়াস হতে হবে। ১০টি লাইসেন্সের যেন কম না হয়। প্রত্যেক শ্রম পরিদর্শককে টার্গেট দিতে হবে। লাইসেন্স নবায়নে শ্রম পরিদর্শকদের সাথে নিয়ে উপমহাপরিদর্শকগণ বসবেন।<br><br>উপমহাপরিদর্শকের কার্যালয় কক্সবাজার, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, জামালপুর, পাবনা ও যশোর ১০০% CAP বাস্তবায়ন করেছে। শতভাগ | )<br>১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৫। লিমা সাপোর্ট টিমের সদস্যগণ |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | CAP বাস্তবায়নকারী কার্যালয়গুলোকে প্রমাণক সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে বাস্তবায়ন অগ্রগতিও তত্ত্বাবধান করার জন্য সকল উপমহাপরিদর্শককে সচেষ্ট ভূমিকা পালন করার নির্দেশনা প্রদান করেন। | |
| ৬। | NOSHTRI-এর কার্যক্রম | ক। মে মাসের মধ্যে উপদেষ্টা সচিব ও মহাপরিদর্শক মহোদয়কে আমন্ত্রণ জানিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>খ) NOSHTRI এর গবেষণা ও কনসালটেন্সি শাখার ০২ জন কর্মকর্তাকে লিমা আইডিতে অ্যাকসেস দেওয়া হয়েছে।<br><br>ইতোমধ্যে বাংলাদেশ শ্রম আইনের ধারা-৬১ (প্রতিষ্ঠানের কোন ভবন, অংশবিশেষ, চলাচলের পথ বা যন্ত্র জীবন ও নিরাপত্তার জন্যে কি ঝুঁকিপূর্ণ?) এর প্রতিপালনের বিষয়ে দৈবচয়নের (Random Choice) মাধ্যমে LIMA হতে প্রত্যেক উপমহাপরিদর্শকের কার্যালয়ের ১টি করে মোট ৩১টি কারখানার পূরণকৃত চেকলিস্ট (ফেব্রুয়ারি/২০২৫ ও মার্চ/২০২৫ মাসে সম্পন্ন) ও সংশ্লিষ্ট ক্যাপ সংগ্রহপূর্বক বিশ্লেষণ করা হয়েছে সেখানে CAP বাস্তবায়নে বা তদারকি হয় না বিষয়টি ফুটে উঠে।<br><br>গ) প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে NOSHTRI এর পরিচালনা নীতিমালা অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ক। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>খ) ৩১টি কারখানার পূরণকৃত চেকলিস্ট ও ক্যাপ বাস্তবায়নে NOSHTRI কর্তৃক প্রেরিত সুপারিশসমূহ আমলে নিয়ে জেলা পর্যায়ের উপমহাপরিদর্শকগণ CAP বাস্তবায়নে তদারকি করে তা মহাপরিদর্শক মহোদয়ের দপ্তরে নিয়মিত অবহিত করবেন।<br><br>বিভিন্ন সোর্স থেকে প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক খাতের এক্সিডেন্টাল রিপোর্ট সংগ্রহ করে NOSHTRI গবেষণার মাধ্যমে ডাইফকে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদানের উপর জোর দেয়া হয়।<br><br>গ) NOSHTRI এর কোয়ার্টার বরাদ্দের জন্য মহাপরিদর্শক মহোদয় বরাবর আবেদনের নির্দেশনা প্রদান করেন। চাহিদাপ্রাপ্তি সাপেক্ষে মহাপরিদর্শক মহোদয় কোয়ার্টার বরাদ্দ করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক, NOSHTRI<br>২। উপমহাপরিদর্শক (সকল) |
| ৭। | Industrial safety unit (ISU) বিষয়ক | ক) ন্যাশনাল ইনিশিয়েটিভের ক্যাটাগরি-০২ ও ক্যাটাগরি-০৩ ভুক্ত কারখানাসমূহের মধ্যে যেসকল কারখানার Initial | Industrial safety unit (ISU)- এর কার্যক্রমের দৃশ্যমান অগ্রগতি না থাকায় মহাপরিদর্শক মহোদয়ের | ১।যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | কার্যক্রম | Assessment Report-এর CAP অনুযায়ী সংস্কার কাজ চলমান রয়েছে সেসকল কারখানায় CAP Verification Visit (CVV) করে CAP -এর বাকী কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং টিমভিত্তিক পরিদর্শন অগ্রগতি প্রতি সভায় উপস্থাপন করতে হবে। | নিকট যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)-কে ISU-এর সামগ্রিক কার্যক্রম বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার নির্দেশনা পূর্বের বিভিন্ন সভার মতো অপরিবর্তিত থাকবে। | উপমহপরির্শক (ISU) |
| ৮। | ক) কর্মক্ষেত্রে ঝুঁকি নিরুপণের জন্য মহাপরিদর্শক কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষ নির্ধারণ বিষয়ক কার্যক্রম | ক) কর্মক্ষেত্রে ঝুঁকি নিরুপণের জন্য মহাপরিদর্শক মহোদয়ের অনুমতিক্রমে কমিটি গঠন করা হয়েছে। কমিটি অতি শ্রীঘ্রই কাজ শুরু করবে বলে জানিয়েছেন। | ক) সংশ্লিষ্ট কমিটি মহাপরিদর্শক মহোদয়ের সাথে আলোচনাপূর্বক কর্মপরিকল্পনা ঠিক করে অতি শ্রীঘ্রই কাজ শুরু করবে। এছাড়াও NI Factory সমূহের CAP বাস্তবায়ন ফলপ্রসূ এবং যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) |
| | খ) দুর্ঘটনা সেইফটি কমিটি, কমপ্লায়েন্স কারখানা | খ) সংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি হচ্ছে, এপ্রিল, ২০২৫ মাসে মোট ২৪ টি কারখানায় সেইফটি কমিটি গঠন করা হয়েছে এবং ১০৮ টি কারখানায় কমপ্লায়েন্স নিশ্চিত করা হয়েছে। এপ্রিল ২০২৫ মাসে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় চট্টগ্রামে ২ জন গুরুতর আহত, সিরাজগঞ্জে ১ জন শ্রমিক নিহত হয়েছেন। সিরাজগঞ্জে নিহত শ্রমিকের আইনানুগ ক্ষতিপূরণ বাবদ ২ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। | খ) ১। সেইফটি কমিটিকে দুর্ঘটনায় আহত/নিহত শ্রমিকদের ক্ষতিপূরণ বিষয়ে বাংলাদেশ ইন্সটিটিউট অফ লেবার স্টাডিজ ( বিলস ) সহ সংশ্লিষ্ট অন্যান্য সংগঠন এর সাথে সভা করে অগ্রগতি সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয়কে অবহিত করা এবং কেন উপমহাপরিদর্শকের কার্যালয়ের সাথে বিলস-এ তথ্যে গ্যাপ সে বিষয়টি জেলার উপমহাপরিদর্শকগণ খতিয়ে দেখবেন ।<br>২। দুর্ঘটনায় আহত/নিহতদের সংখ্যার প্রয়োজনীয় তথ্যাদির অনুলিপি গবেষণার জন্য NOSHTRI-কে প্রদান করা। দুর্ঘটনার ডাটা অ্যানালাইসিস করে কিভাবে দুর্ঘটনার সংখ্যা কমিয়ে আনা যায় সে বিষয়ে | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | পদক্ষপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | |
| ৯। | ডি-নথি বিষয়ক কার্যক্রম | ডি-নথি কার্যক্রম সম্পাদনের হার সন্তোষজনক এবং এই ধারা অব্যাহত রাখার জন্য মহাপরিদর্শক সকলকে বিশেষভাবে অনুরোধ করেন। | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে ডি-নথি বিষয়ক কার্যক্রম ১০০% অর্জন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক NOSHTRI ২। উপমহাপরিদর্শক (৩১টি কার্যালয়) ৩। জনাব আল আমিন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) আইসিটি সেল |
| ১০। | শিশুশ্রম নিরসন বিষয়ক কার্যক্রম | ১। এপ্রিল/২৫ মাসে নিরসনকৃত শিশুর সংখ্যা ২৭৭ জন।<br>২। গত ১০ (দশ) মাসের শিশুশ্রম নিরসনের লক্ষ্যমাত্রা ৮০% এর নিচে কোন কার্যালয় নাই।অবশিষ্ট কার্যালয়গুলো ১০০% সম্পন্ন করেছে।<br><br>৩। বার্ষিক এপিএ এর লক্ষ্যমাত্রা ৩২৭০ জন। গত ১০ (দশ) মাসে ২৮৯২ জন শিশুকে শ্রম হতে নিরসন করতে পেরেছেন যা ১০ মাসের লক্ষ্যমাত্রা ৩২৭০ থেকে ০৬% বেশি<br>পিছিয়ে থাকা কার্যালয়সমূহকে আরো বেশি সচেষ্ট হারে শিশুশ্রম নিরসন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১। ২০২৪-২৫ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন নিশ্চিতের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম পরিচালনা করতে হবে এবং শ্রম হতে নিরসনকৃত শিশুর সংখ্যাগত তথ্য **(মোবাইল নাম্বারসহ)** ৩১টি কার্যালয় হতে সংগ্রহ করতে হবে এবং শ্রম হতে নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেসকল শিশুর তথ্য যুগ্ম-মহাপরিদর্শক (স্বাস্থ্য)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। এছাড়া শিশুশ্রম নিরসনে বিদ্যমান আইনে শিশুদের পুর্নবাসনের বিষয়ে সুস্পষ্ট ধারণা না থাকায় তাঁদের পুনবার্সনের জন্য সমাজসেবা অধিদপ্তর, এনজিও সহ বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সাথে সমন্বয় করার নির্দেশনা প্রদান করেন। | ১।যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) |
| | | ২। শিশুশ্রম নিরসনে বিদ্যমান আইনে শিশুদের পুর্নবাসনের বিষয় না থাকায় তাদের পুর্নবাসনের জন্য বিভিন্ন এনজিও, সমাজসেবা অধিদপ্তর সহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থার সাথে সমন্বয় করে কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলেন। | ২) বিভিন্ন সংস্থা ও যেসব এনজিও শিশুশ্রম নিরসনে কাজ করছে তাদের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম চলমান রাখার তাগিদ প্রদান করেন। | |
| ১১। | শুদ্ধাচার বিষয়ক | ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয় হতে | শুদ্ধাচার লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত কার্যক্রম | ১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | কার্যক্রম | তৃতীয় কোয়ার্টারের প্রতিবেদন পাওয়া গেছে। মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা হলে জানানো হয় আপাতত তৃতীয় কোয়ার্টারের প্রতিবেদন না পাঠাতে । পরবর্তীতে নির্দেশন দিলে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | অব্যাহত রাখতে হবে। এক্ষেত্রে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করবেন। | ২। উপমহাপরিদর্শক (সকল) |
| ১২। | মনিটরিং টিম-এর কার্যক্রম | ক) গত ০৭ জুলাই, ২০২৪ খ্রিঃ তারিখের ৪০.০১.০০০০.০০০.৯৯.০০২.২২.২০০ নং স্মারকে গঠিত প্রধান কার্যালয়ের ১০টি মনিটরিং টিম কর্তৃক ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ পর্যন্ত ২৬ টি পরিদর্শন সম্পন্ন হয়েছে এবং ২৫টি প্রতিবেদন পাওয়া গিয়েছে।<br><br>খ) গত ২০ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখে ৪০.০১.০০০০.০০০.৯৯.০৭৭.২৩.২৪৮ নম্বর স্মারকে ১০টি মনিটরিং টিমকে ইউ.ও.নোট প্রেরণ করা হয়েছে। | ক) মনিটরিং টিম-এর কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে ও যথাসময়ে প্রতিবেদন দাখিল করতে হবে। যেসকল টিম পরিদর্শন করেননি অতিদ্রুত শেষ করবেন এবং জুনে মধ্যে রিপোর্ট জমা প্রদানের ব্যবস্তা করবেন। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>২। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ১৩। | শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটি-সমূহের কার্যক্রম | ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করে উক্ত সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য গত ১০ জুন, ২০২৪ খ্রিঃ তারিখে ৪০.০১.০০০০.০০০.৯৯.০৭২.২৩.১৬৩ নম্বর স্মারকে ৩১ উপমহাপরিদর্শকের কার্যালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি যে সকল কার্যালয় এখনও সভা আয়োজন করেনটি অতি দ্রুত সভা আয়োজনের ব্যবস্থা করার কথা বলেন। | শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে এবং যে সকল উপমহাপরিদর্শকের কার্যালয় আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা আয়োজন করতে হবে এবং অতিদ্রুত কার্যবিবরণী প্রেরণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>২। উপমহাপরিদর্শক (সকল) |
| ১৪। | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন কার্যক্রম | ক) যেসকল কার্যালয়ের অধিক্ষেত্রে ইপিজেড এবং এসইপিজেড রয়েছে তাদেরকে প্রতিমাসে আবশ্যিকভাবে অন্তত ০২ (দুইটি) করে পরিদর্শন করার ধারা অব্যাহত রাখতে হবে। | ক) যেসকল কার্যালয়ের অধিক্ষেত্রে ইপিজেড এবং এসইপিজেড রয়েছে তাদেরকে আবশ্যিকভাবে প্রতি মাসে অন্তত ০২ (দুইটি) পরিদর্শন করে তার প্রতিবেদন এবং তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। ইপিজেড পরিদর্শনে যেসকল কার্যালয় অসুবিধার সম্মুখীন হচ্ছেন তাদের লিখিতভাবে মহাপরিদর্শক বরাবর আবেদন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | খ) সভাপতি ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শনপূর্বক ক্যাপ সংশ্লিষ্ট কারখানায় প্রেরণপূর্বক অনুলিপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য উপমহাপরিদর্শকের কার্যালয়সমুহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | খ) ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শনপূর্বক ক্যাপ সংশ্লিষ্ট কারখানায় প্রেরণপূর্বক অনুলিপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | |
| ১৫। | বিডার ২য় পর্যায়ের সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | ৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী সমন্বিত কলকারখানা পরিদর্শন কার্যক্রমের ২য় পর্যায়ে পরিদর্শিত ৫০০১ টি কারখানার মধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে প্রেরিত CAP ৪৯৪৩ টি। অদ্যাবধি ১৬০০ টি কারখানা ক্যাপ বাস্তবায়ন অগ্রগতি CIAMS Software এ ইনপুট প্রদান করা হয়েছে। অতি ঝুঁকিপূর্ণ ও ঝুঁকিপূর্ণ কারখানার ক্যাপ বাস্তবায়ন অগ্রগতি ইনপুট প্রদান চলমান আছে বলে সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ অবহিত করেছেন। একইসাথে ব্যবহারে বাস্তবায়ন অগ্রগতিও সন্তোষজনক হওয়ার আশা ব্যক্ত করা হলো। | বিডার ১ম ও ২য় পর্যায় যে পরিদর্শন কররা হয়েছে ও CAP দেওয়া হয়েছে তা নিয়মিত মনিটরিং করতে হবে এবং সফটওয়্যারে ইনপুট দিতে হবে এবং CAP সমূহ বাস্তবায়ন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) |
| ১৬। | মামলা সংক্রান্ত তথ্য এবং মামলার তথ্য ইনপুট বিষয়ক কার্যক্রম | মামলাসমূহের ইনপুট যথাসময়ে যথাসময়ে দেওয়া হয়। মামলার সংখ্যা বাড়াতে হবে। এছাড়াও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে ইনপুট দেওয়ার বিষয়টি মনিটরিং করা হচ্ছে। | মামলার সংখ্যা প্রত্যেক কার্যালয় তাদের কারখানা ও জনবলের আনুপাতিকহারে বাড়াতে হবে এবং CAP বাস্তবায়ন না হলে মামলা করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২) আইন কর্মকর্তাদ্বয় |
| ১৭। | অডিট আপত্তি বিষয়ক কার্যক্রম | ৪৮টি অডিট আপিত্তি নিষ্পত্তির জন্য যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা) যথাযথ এবং ফলপ্রসূ কার্যক্রম গ্রহণ করে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা করে অতি দ্রুত নিষ্পত্তিতে ব্যবস্থা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে অতি দ্রুত সভার আয়োজন করতে হবে এবং সকলকে সতর্ক থাকার নির্দেশ দেন। প্রধান কার্যালয় এবং উপমহাপরিদর্শকের কার্যালয়-এর সকল অডিট আপত্তি নিষ্পত্তি-এর জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি ছক আকারে তুলনামূলক চিত্র (পূর্বের মাসের সাথে বর্তমান মাসের | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা) |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | তুলনামূলক অগ্রগতি) উপস্থাপন করতে হবে। একইসাথে অডিট অফিসের সাথে যোগাযোগ করে ত্রিপাক্ষীক মিটিংয়ের আয়োজন করে আপত্তিসমূহ সমাধানের পরবর্তী ব্যবস্থা গ্রহন করতে হবে। এক্ষেত্রে আগামী সভার পূর্বে অবশ্যই একটি সভা আয়োজন করে নিষ্পত্তির ব্যবস্থা করবেন। | |
| ১৮ | বিবিধ | ক) LIMS প্রকল্প আরো ০১ (এক) বছর কোন Development Partner-এর সহযোগিতায় চালু রাখা যায় কিনা সে বিষয়ে যুগ্মমহাপরিদর্শক (NOSHTRI) সভায় উপস্থাপন করেন। এছাড়াও LIMS প্রকল্পের জন্য জনবলের চাহিদা দ্রুত প্রেরণ করার জন্য যুগ্মমহাপরিদর্শক (NOSHTRI) অনুরোধ করেন।<br><br>খ) চা বাগানের চেক লিস্ট ড্রাফট এর নিমিত্ত দিনাজপুর, সিলেট, মৌলভীবাজার, চট্টগ্রাম থেকে চা বাগানের চেকলিস্ট পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) মহাপরিদর্শক মহোদয় দোকানের তালিকা প্রস্তুতের অর্থাৎ ডাটাবেজ তৈরির কাজ বিষয়ে র্দেশনা প্রদান করেন।<br><br>ঘ) প্রধান কার্যালয়, ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয় এবং NOSHTRI এর সকল কর্মকর্তাদের তথ্য, (নাম, পদবী, মোবাইল নাম্বার, ছবি) আপডেট করতে হবে। সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>ঙ) আসন্ন ঈদুল আজহা উপলক্ষ্যে যাতে কোনো শ্রম অসন্তোষ না হয় সেদিকে সতর্ক নজর রাখা।শ্রম অসন্তোষ রোধে স্থানীয় | ক) LIMS প্রকল্পের সফটওয়্যারটি ০১ বছরের জন্য চালু রাখার জন্য ০৩টি পদ আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে উপমহাপরিদর্শক (মানসম্পদ) পত্র প্রেরণ করতে হবে।<br>খ) ২৭ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে দিনাজপুর, সিলেট, মৌলভীবাজার, চট্টগ্রাম থেকে চা বাগানের চেকলিস্ট প্রধান কার্যালয়ে প্রেরণ করেছেন এবং পরবর্তীতে এ নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজন করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সকল),<br>২। উপমহাপরিদর্শক (সকল)<br>৩। উপমহাপরিদর্শক (মানবসম্পদ)<br>৪। সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |



CamScanner

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। কোনো সমস্যার সম্মুখীন হলে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা।<br><br>ঘ) উপমহাপরিদর্শকগণ প্রধান কার্যালয়ের নিকট অমীমাংসিত (Pending) কাজের তালিকা সভাপতি বরাবর সমন্বয় সভার শুরুতে লিখিত আকারে উপস্থাপন করবেন। | | |

৩। পরিশেষে সকলের সুস্থতা কামনা করে এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১/২৫

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২৬৬৬৪২০২
ই-মেইল: ig@dife.gov.bd

স্মারক নং- ৪০.০১.০০০০.১০১.০৬.০১৫.১৭- ৭৬৪ তারিখ: ১৭ জুন ২০২৫

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা
২। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪-৮। যুগ্ম-মহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৯। যুগ্ম-মহাপরিদর্শক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী
১০-১৮। উপমহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৯-৪৯। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫০। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫১। সহকারি মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫২। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫৩। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫৪। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫৫। সহকারি মহাপরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫৬। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা



CamScanner

৫৭। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
৫৮। অফিস কপি।

৯/০৬/২৫

(মোঃ কোরবান আলী)
গ্রন্থাগারিক
ও
(অতিরিক্ত দায়িত্ব) (প্রশাসন শাখা)



CamScanner